



মার্কিন ভাইস প্রেসিডেন্ট ভ্যাম্পের বাসভবনে হামলা



সংগৃহীত ছবি

মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যাম্পের সিনসিনাটি বাসভবনে হামলার চেষ্টা হয়েছে। ওহাইও অঙ্গরাজ্যের কর্তৃপক্ষ একজনকে আটক করেছে। সিক্রেট সার্ভিসের প্রতিবেদনে বলা হয়েছে, হামলার সময় ভ্যাম্প বাড়িতে ছিলেন না।

পুলিশ জানায়, মধ্যরাতে একজন প্রাপ্তবয়স্ক পুরুষ হাতুড়ি দিয়ে জানালা ভেঙে বাড়িতে ঢোকার চেষ্টা করছিল। সেই সময় তিনি বাড়ির ড্রাইভওয়ে দিয়ে সিক্রেট সার্ভিসের একটি গাড়িতেও ক্ষতি করেছেন। সিক্রেট সার্ভিস ও সিনসিনাটি পুলিশ ঘটনাস্থলে গিয়ে কয়েক ঘণ্টা পরিস্থিতি নিয়ন্ত্রণে রেখেছে।

মিডিয়ার প্রতিবেদনে বলা হয়, ইস্ট ওয়ালনাট হিলস এলাকায় অবস্থিত বাড়ির নিচতলার অন্তত চারটি জানালার কাচ ক্ষতিগ্রস্ত হয়েছে। ভ্যাম্প গত সপ্তাহে বাড়িতে ছিলেন, তবে রোববার বিকেলে সেখান থেকে চলে যান।

সিক্রেট সার্ভিসের মুখপাত্র অ্যাঙ্কনি গুলিয়েলমি জানিয়েছেন, অভিযোগ গঠন এবং তদন্তের কাজ চলমান।

LENS ASIA